

## বেতন এবং বেতন প্রদানের নির্দিষ্ট তারিখ সংক্রান্ত নিয়মের লিখিত বিজ্ঞপ্তির নির্দেশাবলী।

এপ্রিল 9, 2011 থেকে প্রযোজ্য শ্রম আইনের 195.1 ধারা অনুসারে, সরকারি এজেন্সিগুলি ছাড়া বাকি সমস্ত নিয়োগকারী সংস্থাকে কর্মী নিয়োগের সময় (কাজ শুরুর আগে) কর্মীদের নিম্নলিখিত বিজ্ঞপ্তি দিতে হবে:

1. কর্মীদের মূল্য হার বা বেতনের হার
2. কর্মী যদি ওভারটাইম নিয়মের আওতাভুক্ত হন তাহলে ওভারটাইম অর্থপ্রদানের হার
3. বেতন প্রদানের ভিত্তি (প্রতি ঘণ্টা, প্রতি শিফট, প্রতি সপ্তাহ, উৎপাদনের হার, কমিশন, ইত্যাদি।)
4. যাত্রা, আহার এবং বাসস্থানের ভাতা সমেত অন্য যে কোনও ভাতা, যা নিয়োগকারী সংস্থা ন্যূনতম বেতনের অন্তর্ভুক্ত করতে চান।
5. নিয়মিত বেতনের তারিখ
6. নিয়োগকারী সংস্থার নাম এবং এমন যে কোনও নাম যার অধীনে সংস্থাটি বাণিজ্য করে (DBA)
7. সংস্থার মুখ্য দপ্তর বা বাণিজ্যের প্রধান ক্ষেত্রের ঠিকানা এবং যদি পৃথক হয়, তাহলে সংস্থার পত্র প্রেরণের ঠিকানা।
8. সংস্থার টেলিফোন নং
9. **কার্যকর 10/01/2020** - জনস্বাস্থ্য আইন ("হোম কেয়ার এইড বেনিফিটস")-এর ধারা তিনশো ছেষটি চোদ্দ-সি অনুসারে হোম কেয়ার সহায়তায় মোট ক্ষতিপূরণের সর্বনিম্ন হারের বেনিফিট অংশ; প্রচলিত মজুরির পরিপূরক, যদি কিছু থাকে, একটি প্রচলিত মজুরি বা অনুরূপ প্রয়োজনের অংশ হিসাবে দাবি করা হয়েছে।

সংস্থাগুলিকে অবশ্যই ইংরেজি এবং কর্মীদের প্রাথমিক ভাষায় বিজ্ঞপ্তি জারি করতে হবে।

### কর্মীর প্রাপ্তিস্বীকার:

সংস্থাকে অবশ্যই ইংরেজি এবং কর্মীদের প্রাথমিক ভাষায় জারি করা বিজ্ঞপ্তির বিবৃতি প্রাপ্তি স্বীকার পত্রে কর্মীর স্বাক্ষর নিতে হবে। কর্মীদের এটিকেও অবশ্যই স্বীকৃতি দিতে হবে যে তারা তাদের সঠিক প্রাথমিক ভাষার বিষয়ে তাদের নিয়োগকারী সংস্থাকে জানিয়েছে। সংস্থাকে এই স্বাক্ষরিত ও তারিখ উল্লিখিত ছয় বছরের বৈধতা প্রাপ্ত স্বীকৃতি পত্রটির সংরক্ষণ করতে হবে এবং তার একটি প্রতিলিপি কর্মীকে প্রদান করতে হবে।

### বিজ্ঞপ্তি এবং স্বীকৃতি পত্রের টেম্পলেট

শ্রম দপ্তর (DOL) চাইনিজ, হাইতিয়ান-ক্রিয়োল, কোরিয়ান, পোলিশ, রাশিয়ান এবং স্প্যানিশ ভাষায় যুগ্মভাষা সংস্করণ সমেত বিভিন্ন সাধারণ প্রকারের টেম্পলেট প্রস্তুত করেছে। এই দপ্তরের দ্বারা প্রস্তুত টেম্পলেটগুলির মধ্যে কর্মীর প্রাপ্তি স্বীকার বিভাগটি অন্তর্ভুক্ত আছে। দপ্তরের ওয়েবসাইট [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) -এ সমস্ত টেম্পলেট উপলভ্য আছে এবং হার্ড কপিও আছে।

যদি একটি উপলব্ধ ভাষায় দপ্তর কোনও টেম্পলেট তৈরি না করে, তাহলে সংস্থা কেবল ইংরেজিতে সেই কর্মীকে বিজ্ঞপ্তি পাঠাতে পারে।

DOL কর্তৃক জারিকৃত টেম্পলেটগুলিতে কোনও ভ্রান্তির জন্য সংস্থাকে জরিমানা করা হবে না।

যদি সংস্থার বিজ্ঞপ্তিগুলি প্রয়োজনীয়তা পূরণে ব্যর্থ হয়, তাহলে ভবিষ্যতে DOL ফর্মগুলি ব্যবহারের পূর্ণ অধিকার দপ্তরের রয়েছে।

LS 53 নির্দেশাবলী দেখুন: আপনার নির্দিষ্ট বেতন চুক্তির জন্য যথাযথ টেম্পলেটটি অনুসন্ধান করার জন্য NYS শ্রম আইনের 195.1 ধারার অধীনে বেতন হারের বিজ্ঞপ্তি, বেতনের তারিখ এবং কর্মীর প্রাপ্তি স্বীকার টেম্পলেটসমূহ।

### **ওভারটাইমের রেট**

কোনও কর্ম সপ্তাহে 40 ঘণ্টার বেশি কাজের ক্ষেত্রে অতিরিক্ত প্রতি ঘণ্টায় কাজ করার জন্য ওভারটাইম বেতন হিসেবে অধিকাংশ কর্মী অবশ্যই নিয়মিত বেতনের থেকে অন্ততপক্ষে 1½ গুণ বেশি বেতন পাবেন। নিউ ইয়র্ক স্টেট শ্রম আইন ন্যায্য শ্রম মানক আইনের অধীনে কিছু জীবিকা যেগুলিতে ওভারটাইম নিয়মাবলী প্রযোজ্য নয়, সেগুলির ক্ষেত্রে কর্মীদের ন্যূনতম প্রতি ঘণ্টা হারের অন্তত 1½ গুণ অর্থ তাদের ওভারটাইমের ঘণ্টার বেতন হিসেবে দিতে হবে। কিছু পেশার ক্ষেত্রে, রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয়, উভয় আইন অনুসারেই তা ওভারটাইম বেতন সুবিধার বহির্ভূত। 1/1/2020 অবধি একটি ক্যালেন্ডার সপ্তাহে 60 ঘণ্টার অধিক কাজের ক্ষেত্রে প্রতি ঘণ্টা অতিরিক্ত কাজের জন্য কৃষি নিয়োগকর্তাদের অবশ্যই নিয়মিত হারের তুলনায় 1½ গুণ বেশি বেতন দিতে হবে।

### **ডে-অব-রেস্ট ওভারটাইম**

ডে-অব-রেস্ট-এ কাজের ক্ষেত্রে প্রতি ঘণ্টা কাজের জন্য কৃষি নিয়োগকর্তাদের অবশ্যই নিয়মিত হারের তুলনায় 1½ গুণ বেশি বেতন দিতে হবে। ডে-অব-রেস্ট-এ কাজের ক্ষেত্রে প্রতি ঘণ্টা কাজের জন্য গৃহকর্মীর নিয়োগকর্তাদের অবশ্যই নিয়মিত হারের তুলনায় 1½ গুণ বেশি বেতন দিতে হবে।

### **আওতা বহির্ভূত কর্মীদের জন্য বিজ্ঞপ্তি**

আওতা বহির্ভূত কর্মীদের প্রদত্ত বিজ্ঞপ্তিটিতে প্রযোজ্য বহির্ভুক্তিগুলি উল্লিখিত থাকতে পারে।

### **বেতনের তারিখ**

বেতন প্রদানের নিয়মিত দিনটি কাষিক শ্রমজীবীদের ক্ষেত্রে কমপক্ষে সাপ্তাহিক হতে হবে, কেরানি এবং অন্যান্য কর্মীদের ক্ষেত্রে কমপক্ষে পাক্ষিক হতে হবে এবং কমিশনভোগী বিক্রয় কর্মীদের ক্ষেত্রে সেটি কমপক্ষে মাসিক হতে হবে।

### **অন্যান্য বিজ্ঞপ্তি প্রয়োজনীয়তা সমূহ**

নিম্নলিখিত প্রকারের কর্মীদের জন্য শ্রম আইন এবং বা বিধান অনুযায়ী অতিরিক্ত বিজ্ঞপ্তির সুবিধা প্রয়োজন। অতিরিক্ত তথ্যের জন্য নিম্নে প্রদত্ত বিভাগগুলির সাহায্য নিন।

- কমিশনভোগী বিক্রয় কর্মী (191.1c)
- খামার কর্মী (190-6.1)
- আতিথেয়তা শিল্পের কর্মী (146-2.2)
- হোম কেয়ার এইড বেনিফিটস (195)
- কর্মীদের প্রচলিত মজুরি (195 ও 220)

## সাময়িক সাহায্যকারী সংস্থা

সাময়িক সাহায্যকারী সংস্থার ব্যবহারের জন্য দপ্তর একটি বিজ্ঞপ্তির ফর্ম এবং একটি পৃথক নির্দেশাবলি প্রস্তুত করেছে (LS 50) এটি দপ্তরের ওয়েবসাইটে অথবা হার্ডকপি হিসেবে উপলব্ধ। শ্রম আইনের 916.5 ধারায় প্রদত্ত "সাময়িক সাহায্যকারী সংস্থা" কথাটির সংজ্ঞাকে যে সংস্থাগুলি পূরণ করে এই নির্দেশাবলি ও ফর্ম কঠোরভাবে তাদের ব্যবহারের জন্যই সীমাবদ্ধ।

অতিরিক্ত তথ্য বা সহায়তার জন্য অনুগ্রহ করে আপনার নিকটবর্তী NYS স্টেট শ্রম দপ্তর, শ্রম মানক বিভাগের দপ্তরে যোগাযোগ করুন অথবা আমাদের ওয়েবসাইট [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) -তে যান।

### অ্যালবানি ডিস্ট্রিক্ট

State Office Campus  
Building 12, Room 185A  
Albany, NY 12226  
(518) 457-2730

### ব্যাফেলো ডিস্ট্রিক্ট

290 Main Street  
Room 226  
Buffalo, NY 14202  
(716) 847-7141

### নিউ ইয়র্ক সিটি ডিস্ট্রিক্ট

55 Hanson Place  
11<sup>th</sup> Floor  
Brooklyn, NY 11217  
(212) 775-3880

### গার্ডেন সিটি ডিস্ট্রিক্ট

400 Oak Street  
Suite 102  
Garden City, NY 11530  
(516) 794-8195

### রকেস্টার ডিস্ট্রিক্ট

276 Waring Road  
Room 104  
Rochester, NY 14609  
(585) 258-4550

### সিরাকুয়েস ডিস্ট্রিক্ট

333 East Washington St.  
Room 121  
Syracuse, NY 13202  
(315) 428-4057

### হোয়াইট প্লেস ডিস্ট্রিক্ট

120 Bloomingdale Road  
White Plains, NY 10605  
(914) 997-9521

### ব্রনক্স ডিস্ট্রিক্ট

55 Hanson Place  
11<sup>th</sup> Floor  
Brooklyn, NY 11217  
(212) 775-3719